# পাঠ — 18

## বনের পশু

নিজে পড়ো ও শেখো —






সিংহ মামার তালুক,
সেথায় থাকে ভালুক।
বাঘের ভায়া চিতা,
নেকড়ে - বাঘের মিতা।
হুক্কা - হুয়া শেয়াল
গাইছে রাতে খেয়াল।



তিনটি হনুমান
লেজ দুলিয়ে যান।
দেখে বাঁদর ছানা,
ময়ূর মেলে ডানা।
হরিণ ছানা ছোটে,
ভয় নেইকো মোটে।
বনে পশুর মেলা
সারা দিনই খেলা।





1. পড়ো —

বাঘ ও সিংহ মাংস খায়। ময়ূরের পেখম আছে। নেকড়ে ও চিতা শিকার করে খায়। বাঁদর ও হনুমান ফলমূল খায়। হরিণ ঘাস খায়, জোরে ছোটে।

2. কয়েকটি পশুর নাম ওলট - পালট করে লেখা আছে সেগুলি ঠিক করে লেখো —

| | | |
|---|---|---|
| হংসি ——— | দরবাঁ ——— | মাননুহ ——— |
| লয়াশে ——— | মরয়ূ ——— | ণরিহ ——— |

3. লেখো —

| | |
|---|---|
| হরিণের শিং আছে | |
| হনুমান গাছে থাকে | |
| সিংহের কেশর আছে | |
| ময়ূরের পেখম আছে | |
| হাতি ঘাস পাতা খায় | |
| বাঁদর কলা খায় | |

4. কিছু শব্দ শুনে লেখো —

| | | |
|---|---|---|
| | | |
| | | |